

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

আগারগাঁও, শেরে বাংলা নগর

ঢাকা-১২০৭

তারিখ: ১৬-১০-২০০২ খ্রি:

স্মারক নং বাকাশিবো/ক/২০০২/১৪৬৭

প্রাপক :

অধ্যক্ষ

বাগাতিপাড়া ডিগ্রী কলেজ

বাগাতিপাড়া, নাটোর।

বিষয় : এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম পরিচালনার জন্য অ্যাফিলিয়েশন প্রদান।

জনাব,

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে অত্র বোর্ড কর্তৃক আপনার প্রতিষ্ঠানে এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষাক্রম ২০০২-২০০৩ শিক্ষাবর্ষ হইতে নিম্নলিখিত স্পেশালাইজেশন ও আসন সংখ্যা অনুযায়ী পরিচালনার জন্য বর্ণিত শর্তাবলি আরোপপূর্বক সাময়িকভাবে অ্যাফিলিয়েশন প্রদান করা হইল।

ক্রমিক নং	স্পেশালাইজেশন	আসন সংখ্যা
১	কম্পিউটার অপারেশন	২০
২	সেক্রেটারিয়াল সায়েন্স	২০

শর্তাবলি :

১. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের স্বীকৃতি প্রদান ও নবায়ন প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫২-আইন/৯৬) এর বিধান অনুসরণ করা হইবে।
২. বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা কমিটি প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫৩-আইন/৯৬) এর বিধান অনুযায়ী ৩০ দিনের মধ্যে ব্যবস্থাপনা কমিটি গঠনপূর্বক বোর্ডের অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।
 - ২.৮ বোর্ডের এস আর ও নং-৫৩-আইন/৯৬ এর বিধান অনুযায়ী প্রতিষ্ঠানের আর্থিক ব্যবস্থাপনা নিশ্চিত করিতে হইবে এবং শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং-শাঃ ৪/১০ এম-৫০/৮৩/৫৬০ (১৫০০০) শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ পরিদপ্তরের বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের হিসাব রক্ষণ পদ্ধতি " নির্দেশিকা " অনুসারে ব্যাংকে একাউন্ট রাখিতে হইবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করিতে হইবে।
 - ২.২ প্রত্যেক অর্থ বৎসরের শেষে প্রতিষ্ঠানের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাইতে হইবে এবং অডিট রিপোর্ট বোর্ডে পাঠাইতে হইবে।
৩. এক মাসের মধ্যে বেসরকারি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের (শিক্ষক-কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ১৯৯৬ (এসআরও নং-৫৪-আইন/৯৬) এর বিধান অনুযায়ী বাছাই কমিটির মাধ্যমে নির্ধারিত যোগ্যতা ও অভিজ্ঞতাসম্পন্ন শিক্ষক-কর্মচারী নিয়োগ করিতে হইবে এবং নিয়োগকৃত শিক্ষক-কর্মচারীদের তালিকা বোর্ডে জমা দিতে হইবে।
৪. বোর্ডের সংশ্লিষ্ট শিক্ষাক্রম বাস্তবায়ন প্রবিধান ও পাঠ্যসূচি অনুযায়ী এতদসংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন নিশ্চিত করিতে হইবে।
 - ৪.১৫ পাঠ্যসূচি বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি ও অন্যান্য সুযোগ সুবিধা সর্বদা সচল ও বহাল রাখিতে হইবে।
 - ৪.১৬ বোর্ডের সংশ্লিষ্ট পাঠ্যসূচি অনুযায়ী তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাশ অনুষ্ঠান নিশ্চিতকরত শিক্ষার মান উন্নয়নের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।
 - ৪.৩ শিক্ষার্থীদের লেখাপড়ার মান উন্নয়নের জন্য গ্রন্থাগারে শিক্ষাক্রম সংশ্লিষ্ট পর্যাপ্ত পুস্তকের ব্যবস্থাকরত গ্রন্থাগার ব্যবহারের সুযোগ সৃষ্টি করিতে হইবে।
৫. নীতিমালায় বর্ণিত ভৌত অবকাঠামোসহ ক্লাশরুম ও ল্যাবের বিন্যাস নিশ্চিত করিতে হইবে।
৬. এক বছরের মধ্যে কাজিত মানের শিক্ষার পরিবেশ সৃষ্টি না হলে শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং শিম/শা-৫/অনুমতি-৩৬/৯৬/৫৭৫ তারিখঃ-১৩/১০/২০০২খ্রিঃ মোতাবেক অ্যাফিলিয়েশন বাতিল করা হবে।
৭. বোর্ড প্রণীত শিক্ষা বর্ষপঞ্জি অনুসরণ করিতে হইবে।

উল্লিখিত শর্তপূরণে ব্যর্থ হইলে অ্যাফিলিয়েশন বাতিলসহ অন্যান্য ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(সৈয়দ মাজহারুল হক)

পরিচালক কারিকুলাম (ভারপ্রাপ্ত)

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড